

সি.এম.
২০

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ১২৩ কোটি টাকার বাজেট অনুমোদন

খতির্নাথ, গাজীপুর

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ত্রয়োদশ সিনেট অধিবেশনে ২০০৭-০৮ অর্থবছরের জন্য প্রায় ১২৩ কোটি টাকার বাজেট অনুমোদিত হয়েছে।

সিনেট অধিবেশনে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ওয়াকিল আহমদ দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সব ধরনের মতভেদ ভুলে শিক্ষা ব্যবস্থা ও শিক্ষানীতির ক্ষেত্রে ঐকমত্য প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন।

প্রফেসর ওয়াকিল আহমদ সবার জন্য গুণগত শিক্ষা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে বলেন, নতুন প্রজন্মের মধ্যে সং ও যোগ্য নেতৃত্ব তৈরি এবং দেশপ্রেম ও সুনামের গুণাবলি সঞ্চারিত করতে না পারলে আমরা জাতি হিসেবে মাথা উঁচু করে দাঁড়াতে পারব না। তিনি জাতির উজ্জ্বল ভবিষ্যৎ বিনির্মাণে দক্ষ মানব সম্পদ তৈরির জন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোকে দ্বি-বহুঃংব উঁচু জীবনমুহুরবহুঃংব হিসেবে গড়ে তুলতে সবার সহযোগিতা কামনা করেন।

সিনেট অধিবেশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০৭-০৮ অর্থবছরের ১ লাখ ৭৮ হাজার টাকা উদ্বৃত্ত সংবলিত ১২৩ কোটি ২৪ লাখ ২৮ হাজার টাকার বাজেট অনুমোদিত হয়। এর মধ্যে রাজস্ব খাতে দেখানো হয়েছে ৭৩ কোটি ৫২ লাখ ৯১ হাজার টাকা এবং উন্নয়ন খাতে রয়েছে ৪৯ কোটি ৭১ লাখ ৩৭ হাজার টাকা।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-চ্যান্সেলর ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. জামাল উদ্দিন আহমেদ সিনেট অধিবেশনে এ বাজেট উপস্থাপন করেন। এছাড়া ২০০৬-২০০৭ অর্থ বছরের জন্য ৭৬ কোটি ৪৩ লাখ ২৯ হাজার টাকার সংশোধিত বাজেট ও সিনেটের অনুমোদিত হয়েছে।

২০০৭-২০০৮ অর্থবছরের মূল বাজেটের উন্নয়ন খাতের ৪৯ কোটি ৭১ লাখ ৩৭ হাজার টাকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে আসবে ৪৭ কোটি ৯৬ লাখ ৩৭ হাজার টাকা যা উন্নয়ন বাজেটের ৯৬.৫ শতাংশ। বাকি এক কোটি ৭৫ লাখ টাকা আসবে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি থেকে, যা উন্নয়ন বাজেটের ৩.৫ শতাংশ। আর মূল ও সংশোধিত বাজেটের রাজস্ব আয়ের সম্পূর্ণ অর্থের সংস্থান বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে করা হচ্ছে।

ত্রয়োদশ সিনেট অধিবেশনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রো-চ্যান্সেলর প্রফেসর ড. সৈয়দ রাশিদুল হাসান ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) শমশের-উজ-জামান। সিনেট সদস্য ও বিশ্ববিদ্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা এ সময় উপস্থিত ছিলেন। সংবাদ বিভাগ।